

# সমকাল

## মৃত্যুর দুই বছর পর শিক্ষা কর্মকর্তাকে বদলি!

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

মৃত্যুর দুই বছর পর গতকাল রোববার এক উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বদলি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। এ নিয়ে গতকাল সন্ধ্যায় তোলপাড় সৃষ্টি হয় রাজধানীর আবদুল গণি রোডে অবস্থিত মাউশির প্রধান কার্যালয় শিক্ষা ভবনে। পরে রাতেই এ আদেশ সংশোধন করা হয়।

জানা গেছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কর্মকর্তাদের এক বদলি আদেশে গতকাল ১৩ কর্মকর্তার বদলিভিত্তিক পদায়ন করা হয়। প্রজ্ঞাপনে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আনিছুর রহমানকে একই জেলার কালীগঞ্জ উপজেলার শিক্ষা কর্মকর্তা হিসেবে বদলিপূর্বক পদায়ন করা হয়। কিন্তু এ কর্মকর্তা দুই বছর আগেই মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে। এ খবরে মাউশির মহাপরিচালক বিব্রত হন।

রাতে মাউশির মহাপরিচালক অধ্যাপক মো. মাহাবুবুর রহমান সমকালকে বলেন, 'প্রশাসন শাখার কর্মচারীদের দেওয়া তথ্যে ভুল ছিল। দায়ী ব্যক্তিকে ওই শাখা থেকে বদলি করা হবে। পুরো বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। সোমবার (আজ) যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।'

এ ছাড়া বদলির আদেশেও ভুল ছিল। প্রথম প্রজ্ঞাপনে ১৩ জনের ক্রমিক নং থাকলেও সংশোধিত প্রজ্ঞাপনে ১০ জনের ক্রমিক নং থাকা প্রসঙ্গে মহাপরিচালক জানান, এখানে ভুল হয়েছে। প্রথমটিতে ১-৫-এর পর ৬, ৭ বাদ দিয়ে ৮ থেকে ক্রমিক নং লেখা হয়েছে। পরেরটিতে এজন্য ১০ পর্যন্ত ক্রমিক এসেছে। এর জন্য কারণ দর্শানো হবে বলেও জানিয়েছেন তিনি।

বদলিকৃত মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের আগামী ২ আগস্টের মধ্যে কর্মস্থলে যোগ দিতে বলা হয়েছে। অন্যথায় ওইদিন অপরাহণ থেকে তাৎক্ষণিক তারা বিমুক্ত গণ্য হবেন বলে আদেশে জানানো হয়।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com